

মুন্সীগঞ্জ জেলা শ্রীনগর উপজেলার ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওএমএস নীতিমালা এর আলোকে গত ২৫/১১/২০২৪ খ্রি. তারিখে শ্রীনগর উপজেলার ওএমএস কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার ০৩টি বিক্রয়কেন্দ্রে জরুরী ভিত্তিতে ০৩ (তিন) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ আবেদন আহবান করা যাচ্ছে।

১। আবেদনপত্র প্রাপ্তির স্থান	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ
২। আবেদনপত্রের মূল্য	৫০০/- (পাঁচশত টাকা)
৩। আবেদনপত্র প্রাপ্তির তারিখ	০১-০১-২০২৫ খ্রি. হতে ০৯-০১-২০২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়)
৪। আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	০১-০১-২০২৫ খ্রি. হতে ০৯-০১-২০২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়)
৫। আবেদন পত্র জমাদানের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাধারণ শাখায় রক্ষিত বক্স

ওএমএস বিক্রয় কেন্দ্রের তালিকা:

ক। উপজেলা পরিষদের সম্মুখে (খ) শ্রীনগর পাইলট স্কুল/শ্রীনগর ইউনিয়ন পরিষদের কাছাকাছি (গ) টেক্সা মার্কেট সংলগ্ন।


আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবে:

(ক) পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি; (খ) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি; (গ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি; (চ) নাগরিকত্ব সনদের ফটোকপি; (ছ) হালনাগাদ ড্রেড লাইসেন্সের ফটোকপি; (জ) অঙ্গীকারনামা।

ওএমএস ডিলার হিসেবে আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী:

- ওএমএস ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়" খাতে জমা প্রদান করতে হবে। আবেদনপত্র সংগ্রহের সময় ফরমের মূল্য বাবদ জমাকৃত এ-চালান জমা দিতে হবে।
- আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র ধারী হতে হবে এবং মূল জাতীয় পরিচয়পত্র প্রদর্শনপূর্বক আবেদনপত্র ক্রয় করতে হবে।
- আবেদনকারীর হালনাগাদ/নবায়নকৃত ড্রেড লাইসেন্স থাকতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্য/খাদ্যপণ্যের লাইসেন্সধারী (খাদ্য বিভাগের) ব্যবসায়ী হতে হবে।
- আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করবেন উহার নাম আবেদনপত্রে এবং খামের উপরে উল্লেখ করতে হবে। একজন আবেদনকারী শুধুমাত্র ১(এক) টি বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন/একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।
- আবেদনকারীর কমপক্ষে ৩(তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- আবেদনকারীর খাদ্যশস্য/মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত হলে তিনি আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও ওএমএস ডিলার হিসাবে ওএমএস কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ ওএমএস কার্যক্রমের ডিলার হতে আবেদন করতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ওএমএস ডিলার হতে আবেদন করতে পারবেন না।
- কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল বলে গণ্য হবে।
- ওএমএস ডিলারশীপ লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়। নিয়োগপ্রাপ্ত হলে ডিলারকে স্বয়ং খাদ্যশস্য উত্তোলন ও বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
- বর্তমানে নিয়োগকৃত ডিলারগণ ওএমএস নীতিমালা- ২০২৪ অনুসারে ওএমএস ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভের পর আবেদনকারীকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) পে-অর্ডার জামানত (শর্তসাপেক্ষে ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে।
- ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভের পর ৩০০/- (তিনশত টাকা) ননজুডিশিয়াল স্ট্যাম্প নির্ধারিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভের পর নির্ধারিত ফি প্রদানপূর্বক ওএমএস ডিলারশীপ লাইসেন্স গ্রহণ করতে হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনপত্রের সাথে দাখিলকৃত ছবিসহ সকল কাগজপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।


২৬/১২/২০২৪

(মুহাম্মদ আলমগীর হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা ওএমএস বিক্রয় ও ডিলার নির্বাচন সংক্রান্ত কমিটি

শ্রীনগর, মুন্সীগঞ্জ।